

# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা, চট্টগ্রাম

মোবাইল: ০১৮১৯-৯৩০৪৮৮



তারিখ: ১৮.০১.২০২৫

## প্রেস বিজ্ঞপ্তি

### চট্টগ্রামের জলাবদ্ধতা নিরসনে উপদেষ্টাবৃন্দ ও মেয়রের পরিদর্শন

চট্টগ্রাম নগরীর জলাবদ্ধতা নিরসনে নেওয়া কার্যক্রম পরিদর্শন করেছেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ উপদেষ্টা ফারুক-ই-আজম বীরপ্রতীক, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ উপদেষ্টা মুহাম্মদ ফাওজুল কবির খান, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান এবং সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন। শনিবার (১৮ জানুয়ারি) বিকেলে চট্টগ্রাম নগরীর বিভিন্ন গুরুত্বপূর্ণ পয়েন্ট পরিদর্শনের পর বহুদূরহাটে বারইপাড়া খাল খনন কার্যক্রম এবং আশপাশের খাল-নালার পরিস্থিতি পরিদর্শন করেন তারা। পরিদর্শনকালে উপদেষ্টাবৃন্দ এবং সিটি মেয়র জানান, প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের নির্দেশনায় ৪জন উপদেষ্টার সমন্বয়ে অন্তর্বর্তী সরকারের উচ্চপর্যায়ের একটি টিম কাজ করছে। জলাবদ্ধতা নিরসনের জন্য একটি কর্মপরিকল্পনা নির্ধারণ করে চট্টগ্রামের সংশ্লিষ্ট সব সংস্থাকে জানিয়ে দেওয়া হবে। এছাড়া আগামী মার্চের মধ্যে বাস্তবায়নযোগ্য একটি টার্গেটও সংস্থাগুলোকে দেওয়া হবে। পূরণে ব্যর্থ হলে সংস্থাগুলোকে জবাবদিহি করতে হবে। প্রধান উপদেষ্টার নির্দেশনায় গঠিত টিমে আছেন সরকারের চারজন উপদেষ্টা- মুহাম্মদ ফাওজুল কবির খান, সৈয়দা রিজওয়ানা হাসান, আদিলুর রহমান খান ও ফারুক-ই-আজম বীরপ্রতীক। এ সময় সিটি করপোরেশনের সংশ্লিষ্ট কর্মকর্তাদের পাশাপাশি জলাবদ্ধতা নিরসন সংক্রান্ত মেগাপ্রকল্প বাস্তবায়নকারী চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (সিডিএ) ও সেনাবাহিনীর ৩৪ ইঞ্জিনিয়ারিং কনস্ট্রাকশন ব্রিগেডের দায়িত্বপ্রাপ্তরা উপদেষ্টাদের সার্বিক কার্যক্রম অবহিত করেন। পরিদর্শনকালে উপস্থিত ছিলেন সিডিএর চেয়ারম্যান প্রকৌশলী নুরুল করিমসহ চট্টগ্রামের বিভিন্ন সেবা সংস্থার উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

### উপদেষ্টা হাসান আরিফের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করলেন মেয়র ডা. শাহাদাত

অন্তর্বর্তীকালীন সরকারের সাবেক ভূমি, বেসামরিক বিমান, পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের উপদেষ্টা এ. এফ হাসান আরিফের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন চট্টগ্রাম সিটি করপোরেশনের (চসিক) মেয়র ডা. শাহাদাত হোসেন। শনিবার (১৮ জানুয়ারি) দুপুরে চট্টগ্রামের বাঁশখালী গার্লস ডিগ্রি কলেজ মাঠে অন্তর্বর্তীকালীন সরকারের সাবেক ভূমি, বেসামরিক বিমান, পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের উপদেষ্টা এ. এফ হাসান আরিফের স্মরণসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। খাঁন বাহাদুর ফাউন্ডেশন আয়োজিত ওই অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মেয়র ডা. শাহাদাত বলেন, ‘বাংলাদেশের প্রখ্যাত আইনজীবী হিসেবে আমি স্যারকে (হাসান আরিফ) চিনতাম। তিনি অত্যন্ত বিনয়ী ছিলেন। তিনি না থাকলে আজকে আমি মেয়র হতে পারতাম না। তাঁর কাছে আমি আজীবন কৃতজ্ঞ। সবাই স্যারের জন্য দোয়া করবেন।’

চট্টগ্রাম সিটি করপোরেশনের সাবেক মেয়র মাহমুদুল ইসলাম চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশ আমেরিকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট রায়হানুল ইসলাম চৌধুরী, উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. জমশেদুল আলম, সহকারী কমিশনার (ভূমি) মো. জসিম উদ্দিন, থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. সাইফুল ইসলাম, ইউএসটিসির সাবেক ভিসি ডা. প্রভাত চন্দ্র বড়ুয়া ও ডা. মেজবাউল হক। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন উপদেষ্টা হাসান আরিফের ছেলে অ্যাডভোকেট মোয়াজ আরিফ, ব্যক্তিগত সহকারী মো. আদীব খান, সাবেক প্রচার সম্পাদক শাখাওয়াত জামান দুলাল, অ্যাডভোকেট আরিফ, উপজেলা বিএনপির সভাপতি মাস্টার লোকমান, বাঁশখালী গার্লস ডিগ্রি কলেজের অধ্যক্ষ জমির উদ্দিন, চেয়ারম্যান রেজাউল করিম ইউনুস, সাবেক চেয়ারম্যান ইব্রাহিম বিন খলিল, শাহজাহান চৌধুরী, জয়নাল আবেদীন ও আক্তার হোসেন, চট্টগ্রাম জজ কোর্টের আইনজীবী জাহাঙ্গীর আলম প্রমুখ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮